

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা),
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১৬৬.২৫.৪৬৬

বিষয়: ফারিস কটন লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসঙ্গে।
সূত্র: আবেদনপত্র নং- ১২৪০, তারিখ: ৩০/১১/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ফারিস কটন লিমিটেড, অফিস ও কারখানাঃ ২৪৬২/বি, উত্তরখান, উত্তরখান মাজার, ঢাকা-১২৩০ নামক কারখানাটি ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি/এফ/০০০৬৭৪-১৯, তারিখঃ ৩০/০৯/২০১৯ খ্রিঃ ও শিল্প উপ-খাতঃ তৈরি পোশাক (নীট ও ওভেন)। প্রতিষ্ঠানটির শিল্প আইআরসি নং-২৬০৩২৬১২০৭২৬১২২ জারী করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ১ম এডহক শিল্প আইআরসি এর সুবিধার বিপরীতে প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করতে না পারায় বস্ত্র অধিদপ্তরে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশের জন্য আবেদন জানিয়েছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষার পর বস্ত্র শিল্প কারখানাটির অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ এর সকল বিধি বিধান যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে। কারখানাটির অনুকূলে নিম্নোক্তভাবে আমদানি স্বত্ব নির্ধারণ করে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হলো।

ক্র. নং	শিল্প উপখাত	আমদানিযোগ্য পণ্যের এইচ এস কোড	যান্মাসিক আমদানি স্বত্ব	বার্ষিক আমদানি স্বত্ব
১	“তৈরি পোশাক (নীট ও ওভেন)”	তালিকা সংযুক্ত	২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র।	৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা মাত্র।

উপরোক্ত সিদ্ধান্তের আলোকে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন স্বাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ফারিস কটন লিমিটেড, নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ করা হলো।

উল্লেখ্য যে, অত্র সুপারিশপত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।



০৯-১২-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১৬৬.২৫.৪৬৬/১ (৬)

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ফারিস কটন লিমিটেড, অফিস ও কারখানাঃ ২৪৬২/বি, উত্তরখান, উত্তরখান মাজার, ঢাকা- ১২৩০।
- ৪। উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর।
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৬। অফিস কপি।



০৯-১২-২০২৫
মোহাম্মদ মানিক খান
সহকারী পরিচালক